মুজিবনগরে ভ্রাম্যমান আদালতে জরিমানা আদায়

মুজিবনগরে ভ্রাম্যমান আদালতে মটরসাইকেলের চালকের কাছ থেকে জরিমানা আদায় করা হয়েছে। গাড়ির কাগজ, ড্রাইভিং লাইসেন্স এবং হেলমেট না থাকার কারনে এ জরিমানা করা হয়।

আজ শনিবার সকালে মুজিবনগর কমপ্লেক্স গেটে উপজেলা নির্বাহী অফিসার ও ভ্রাম্যমান আদালতের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট অনিমেষ বিশ্বাস ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন।

এ সময় কাগজপত্র না থাকায় ১৫ টি গাড়ির মালিকের কাছ থেকে ৭ হাজার ৪শত ৫০ টাকা জরিমানা আদায় করেন।
এবং মটরসাইকেল চালানোর সময় লাইসেন্স ও হেলমেট সাথে রেখে সাবধানে গাড়ি চালানোর পরামর্শ দেন তিনি।

উপজেলা নির্বাহী অফিসার বলেন, মুজিবনগর কমপ্লেক্সের ভিতরে সারাদেশের পর্যটকরা ঘুরতে আসেন।এখানে আসার পর মহিলা,শিশু হেটে হেটে মুজিবনগর ঘুরে থাকেন। আমরা সম্প্রতি দেখছি কিছু কিছু মটরসাইকেল চালকরা এখানে এসে বেপরোয়া ভাবে গাড়ি চালাচ্ছে,একটি মটরসাইকেল আরেকটির সাথে রেসিং খেলছে। এতে করে ঘুরতে আসা পর্যটকদের বিপদের সম্মুখীন হতে হচ্ছে। এছাড়া যারা আইনশৃঙ্খলা মানছে না, গাড়ির লাইসেন্স, হেলমেট নেই তাদের বিরদ্ধে আমরা কঠোর পদক্ষেপ নিচ্ছি এবং আমরা মোবাইল কোর্ট পরিচালনা করছি। যাতে করে এখানে ঘুরতে আসা পর্যটকদের দূর্ঘটনার স্বীকার না হয়।

সে লক্ষে সড়ক পরিবহন আইন ২০১৮ অনুযায়ী মোবাইল কোর্টের অভিযান নিয়মিত পরিচালনা করা হবে।

মুজিবনগরে দৈনিক জবাবদিহি

পত্রিকার ৬ষ্ঠ প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

ইতিহাস ও ঐতিহ্যের স্মৃতি গাঁথা বাংলাদেশের প্রথম রাজধানী মুজিবনগরে দিনব্যাপী নানা আয়োজনের মধ্যদিয়ে দৈনিক জবাবদিহি পত্রিকার ৬ষ্ঠ প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।

শুক্রবার সকাল থেকেই দিনব্যাপী নানা আয়োজনে মুজিবনগর অডিটোরিয়ামে ৬ষ্ঠ তম বর্ষপূর্তি উদযাপন করা হয়। দৈনিক জবাবদিহি’র সারাদেশের সকল প্রতিনিধি ও দেশের বিভিন্ন খ্যাতনামা পত্রিকার সম্পাদক ও প্রকাশকদের নিয়ে এ অনুষ্ঠান।

মুজিবনগর পর্যটন মোটেলে অতিথিদের আপ্যায়নের জন্য বসানো হয় পিঠাপুলি ও বিভিন্ন আইটেমের খাবারের স্টল। পরে সেখানে মধ্যাহ্নভোজ শেষে অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয় আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান।
আলোচনা সভায় জবাবদিহি পত্রিকার প্রকাশক ও সম্পাদক আক্তার হোসেন রিন্টুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দৈনিক জবাবদিহি পত্রিকার নির্বাহী সম্পাদক তৌহিদুল রহমান, বাংলাদেশ প্রতিদিন পত্রিকার জিএম বেলাল হোসেন মন্টু, বাংলাদেশ হকার্স বহুমুখী সমবায় সমিতি লিমিটেডের সভাপতি আব্দুল মান্নান, বাংলাদেশ ক্রাইম রিপোর্টার অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক আল মামুন খুলনা মেট্রোপলিটন সাংবাদিক ইউনিয়নের সভাপতি আবু তাহের।

আরও উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টু, গাংনী প্রেস ক্লাবের সভাপতি তৌহিদ-উদ-দৌলা রেজাসহ জেলায় কর্মরত বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক বৃন্দরা।

আলোচনা সভা শেষে দৈনিক জবাবদিহি পত্রিকার সম্পাদক ও প্রকাশক আক্তার হোসেন রিন্টুর ১৩৮ বছরের নির্মম হত্যার শিকার রাষ্ট্রনায়কদের নিষ্ঠুর ইতিহাস বইয়ের মোড়ক উন্মোচন করা হয়।

মুজিবনগরে জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে দিনব্যাপী উপজেলা পর্যায়ের জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা (ক্রীড়া, সাংস্কৃতিক, বিষয়ভিত্তিক কুইজ ও কাবিং) ২০২৩ প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের আয়োজনে, উপজেলা পরিষদ চত্বরে অনুষ্ঠানের শুরুতে জাতীয় সংগীতের তালে তালে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস জাতীয় পতাকা এবং উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো:আলাউদ্দীন ক্রীড়া পতাকা উত্তোলন করেন।

পতাকা উত্তোলন শেষে দিনব্যাপী প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা অনুষ্ঠানে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আলাউদ্দীন,উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা,যোদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খাঁন, উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের প্রধানগণ ও অন্যান্য শিক্ষক,শিক্ষিকা মন্ডলী।

প্রতিযোগিতায় অনুষ্ঠিতব্য সাংস্কৃতিক প্রতিযোগিতায় নৃত্য, সংগীত, হাতের লেখা, মুক্তিযুদ্ধ ভিত্তিক অভিনয়সহ বিভিন্ন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

উপজেলার ৩৮ টি প্রাথমিক বিদ্যালয় থেকে ৫৪ টি ইভেন্টে ৮০ জন শিক্ষার্থী প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন।
প্রতিযোগিতা শেষে বিজয়ী শিক্ষার্থীদের মাঝে কার বিতরণ করা হয়।

মুজিবনগরে ভোরের কাগজের ৩১ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

মেহেরপুর মুজিবনগরে বাংলাদেশের বহুল প্রচারিত পত্রিকা দৈনিক ভোরের কাগজের ৩১ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকালে মুজিবনগর উপজেলা অডিটোরিয়ামে আলোচনা সভা ও কেক কাটার মধ্য দিয়ে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়।

মুজিবনগর উপজেলা প্রতিনিধি হাসান মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন মুজিবনগর উপজেলার নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য দেন ভোরের কাগজ পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি মর্তুজা ফারুক রুপক, মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল, উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, উপজেলা নির্বাহী প্রকৌশলী খালিদ হোসেন, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, মুজিবনগর উপজেলা প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স, বাগোয়ান ইউনিয়ন ৬ নং ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি মতিউর রহমান মতিন, বাগোয়ান ইউপি ৬ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মাইকেল মন্ডল টুইস, বাগোয়ান ইউনিয়ন ১ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জহীর উদ্দীন, যুবলীগ নেতা হাসানুজ্জামান লাল্টু, সাংবাদিক আব্দুস সালাম, সোহাগ মন্ডল, শাকিল রেজা, তুহিন আলী, জাহিদ হোসেন ফিরোজুর রহমান,উজ্বল হোসেন, মওলাদ হোসেন,আব্দুল খালেক সহ মুজিবনগর উপজেলা প্রেসক্লাবের সকল সদস্য।

মুজিবনগরে ০৫ গ্রাম হেরোইনসহ আটক ২

মুজিবনগরে থানা পুলিশের মাদক বিরোধী অভিযানের অংশ হিসেবে গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানা ইনচার্য (ওসি) মেহেদি রাসেল এর নেতৃত্বে রতনপুর পুলিশ ক্যাম্প বুধবার সকাল সাড়ে ১১ টার দিকে আনন্দবাস গ্রামে অভিযান চালিয়ে আনন্দবাস গ্রামের মোশাররফ হোসেনের ছেলে সেলিম উদ্দিন ও বাগোয়ান গ্রামের মোল্লাপাড়ার মৃত আব্দুল জলিল শেখের ছেলে জামাল ওরফে মলম (৫০) কে আটক করে।

এ সময় তাদের কাছ থেকে ০৫ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়। উদ্ধারকৃত মাদকের মূল্য পঞ্চাশ হাজার টাকা বলে ধারণ করা হচ্ছে।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদী রাসেল বলেন, গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজুর মাধ্যমে আদালতে প্রেরণ করা হয়েছে।

তিনি আরো বলেন, মুজিবনগর উপজেলা কে মাদক মুক্ত করতে। মাদক সেবনকারী মাদক পরিবহনকারী এবং মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে মুজিবনগর থানা পুলিশের কঠোর অভিযান চলমান রয়েছে।

মুজিবনগরে খ্রিস্টান সম্প্রদায়ের ১২৮ তম ধন্য বুধবার মহাসভার উদ্বোধন

মুজিবনগরে খ্রিস্টান সম্প্রদায়ের সবথেকে বড় ধর্মীয় সমাবেশ ১২৮ তম ধন্য বুধবার মহাসভার উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বিকেলে উপজেলার চার্চ অব বাংলাদেশ রতনপুর সাধু পিতরের গীর্জা এর আয়োজনে গীর্জা চত্তরে এই মহাসভা অনুষ্ঠিত হচ্ছে।

এবারের মহাসভার মূলসুরঃ “তোমার পবিত্র আত্মাকে আমা হইতে হরণ করিও না” ধন্য বুধবার মহাসভার ইতিহাস সম্পর্কে মাইকেল মন্ডল টুইস বলেন , ১৮৯৫ খ্রীষ্টাব্দের ২০ ফেব্রুয়ারি “বুধবার” পঞ্জিকার পাতায় অন্যান্য সাধারণ একটি দিনের মত হলেও সেদিন ওপার বাংলার মালিয়াপোতায় সাধু লূকের গীর্জায় এমন এক অলৌকিক ঘটনা ঘটেছিল যা দিনটিকে করেছে অবিস্বরণীয়, মহিমান্বিত ও পবিত্র আত্মার অনুগ্রহ প্রাপ্তীর ঝর্নাধারা। তাই পরবর্তীতে এর নামকরণ হয়েছে, ধন্য বুধবার”। আর এই দিনটিকে স্মরণ করার জন্য প্রতিষ্ঠিত হয়েছিল একটি সভা যে সভা আজ রূপ নিয়েছে “মহাসভায়”, একত্রে “ধন্যবুধবার মহাসভা” ।

ধন্য বুধবার মহাসভা সম্পর্কে বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নং (বল্লভপুর,রতনপুর) ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক বলেন, এই ধন্য বুধবার মহাসভা প্রতিবছর বিভিন্ন গ্রামে অনুষ্ঠিত হয়। এ বছর রতনপুর গ্রামে অনুষ্ঠিত হচ্ছে। এ সভা মঙ্গলবার বিকেলে শুরু হয়ে বৃহস্পতিবার সকালে শেষ হবে। এই সভাতে সার্বিক সহযোগিতা এবং সব সময় খোজ খবর রাখার জন্য তিনি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন, মেহেরপুর ১ আসনের এমপি ও জনপ্রশাসন মন্ত্রনালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন দোদুল,সভার প্রধান পৃষ্ঠপোষক বিশপ অব কুষ্টিয়া ডায়োসিস রাইট রেভা:হেমেন হালদার, ডিনারী মহাসভা কমিটির সভাপতি রেভা: লরেন্স মৃত্যুঞ্জয় মন্ডল, আহবায়ক মি: জয়ন্ত মন্ডল, সম্পাদক মি: তুষার বিশ্বাস এবং

সভার সার্বিক নিরাপত্তা দিয়ে সহযোগীতা করার জন্য মুজিবনগর থানা ইনচার্য (ওসি) মেহেদি রাসেল সহ আয়োজক রতনপুর গ্রামের সমগ্র মানুষ সহ আয়োজক কমিটিকে।

দুদিন ব্যাপী ধন্য বুধবার মহাসভাতে প্রার্থনা সভা, কীর্তন ও সমবেত গান, ধর্মীয় উপাসনা ধর্মীয় বাণী, ধর্মীয় বিষয় নিয়ে আলোচনা করবেন খ্রিস্টীয় পুরোহিত গন।

মুজিবনগরে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রীতিভোজ অনুষ্ঠিত

“শান্তি শৃঙ্খলা উন্নয়ন নিরাপত্তায় সর্বত্র আমরা” ৪৩ তম জাতীয় সমাবেশ উপলক্ষে সারাদেশের ন্যায় মুজিবনগরে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর আয়োজনে অনুষ্ঠিত হয়েছে প্রীতিভোজ (বড়খানা)।

এ উপলক্ষে রবিবার সকালে মুজিবনগর আনসার ক্যাম্প (উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন) প্রীতিভোজ (বড়খানা) এর আয়োজন করে।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস এ প্রীতিভোজ (বড়খানা) অনুষ্ঠানের উদ্বোধন করেন।

এ সময় ক্যাম্পের দায়িত্বপ্রাপ্ত পিসি রেজাউল হক, আনসার সদস্য জিল্লুর রহমান, মাহামুদ, মোতাচ্ছেন, হুমায়ন আহম্মেদ, হিরামন মল্লিক, মিয়ারুল, শরিফুল, মুক্তার, রাফিদুল এই প্রীতিভোজ (বড়খানা) অনুষ্ঠান পালন করেন।

উল্যেখ্য, ৪৩ তম জাতীয় সমাবেশ উপলক্ষে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মহাপরিচালক মেজর জেনারেল একেএম আমিনুল হকের উদ্যেগে গাজিপুর শফিপুরে আনসার ভিডিপি একাডেমিতে অনুষ্ঠিত এক সমাবেশে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আনুষ্ঠানিক একযোগে সকল জেলা উপজেলায় প্রীতিভোজ (বড়খানা) অনুষ্ঠানে উদ্বোধন করেন।

মুজিবনগরে হেরোইন সহ ২ জন আটক

মুজিবনগরে হেরোইসহ দুজনকে আটক করেছে থানা পুলিশ। গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মেহেদী রাসেলের নেতৃত্বে এসআই উত্তম কুমার এস আই সাহেব আলী সংঙ্গীয় ফোর্স অভিযান চালিয়ে উপজেলার দারিয়াপুর গ্রাম থেকে ৩ গ্রাম হেরোইন সহ দারিয়াপুর গ্রামের কাবীদুলের ছেলে তুহিন

(২৩) এবং একই গ্রামের বকুলের ছেলে আব্দুল আজিজ (২১) কে আটক করা হয়।

উদ্ধারকৃত হেরোইন এর মূল্য অনুমান ৩০,০০০/ টাকা। গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।

মুজিবনগরে যোদ্ধাহত মুক্তিযোদ্ধা আব্দুস ছাত্তারের ইন্তেকাল

মুজিবনগরে যোদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা আব্দুস ছাত্তার ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্নাইলাহি রাজিউন)।

গতকাল মঙ্গলবার রাত সাড়ে দশটার দিকে নিজ বাসভবনে তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন।

আজ বুধবার সকাল দশটার সময় রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান শেষে গৌরিনগর কবরস্হানে তার লাশ দাফন করা হয়।

বীর মুক্তিযোদ্ধা আব্দুর সাত্তার মুজিবনগর উপজেলার গৌরিনগর গ্রামের মৃত নছর আলীর ছেলে। বীর মুক্তিযোদ্ধা আব্দুস সাত্তার এর মরদেহকে জাতীয় পতাকা দ্বারা আচ্ছাদিত করে সন্মান প্রদর্শন করা হয় এবং পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানানো হয়।

এ সময় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস রাষ্ট্রের পক্ষে সালাম গ্রহন করেন। পরে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (তদন্ত) আব্দুল আলীমের নেতৃত্বে পুলিশের একটি চৌকস দল রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান করেন।

এ সময় মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আবুল কালাম আজাদ,যোদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা আহসান আলী,বীর মুক্তিযোদ্ধা আলী হোসেন,আমজাদ হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

তিনি দীর্ঘদিন ধরে ক্যান্সারে আক্রান্ত ছিলেন। মৃত্যুকালে তার বয়স ছিলো ৮০ বছর। তিনি ৩ ছেলে ও ১ মেয়েসহ অসংখ গুনাগ্রাহী রেখে গেছেন।

মুজিবনগরে জলাতঙ্ক নির্মূলের লক্ষ্যে অবহিতকরণ সভা

বাংলাদেশ থেকে জলাতঙ্ক নির্মূলের লক্ষ্যে ব্যাপকহারে কুকুরকে টিকাদান (এমডিভি) কার্যক্রমের অংশ হিসাবে মুজিবনগর উপজেলা থেকে জলাতঙ্ক রোগ নির্মূলের লক্ষ্যে অবহিত করণ সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার দুপুরে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সভাকক্ষে স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান এর সভাপতিত্বে এই সভা অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার তৌফিক আহমেদ, মুজিবনগর প্রাণিসম্পদ অফিসের ডা: তানিয়া, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন,মোনাখালি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান, দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মাহবুবুল আলম রবি, স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার (রোগ নিয়ন্ত্রণ) ডা: আবু সাঈদ,সিডিসি, ডিজি,এইচএস এর এমডিভি সুপারভাইজার আজহারুল ইসলাম, সিডিসি স্বাস্থ্য অধিদপ্তরের এমডিভি এর ফিল্ড সুপারভাইজার মনির মুন্সি সহ সাংবাদিক, টিকাদান কর্মসূচিতে নিয়োজিত কর্মকর্তারা।

মুজিবনগর থেকে জলাতঙ্ক রোগ নির্মূল করতে আগামী ১০ই ফেব্রুয়ারি থেকে ১৫ই ফেব্রুয়ারি ৫ দিন ব্যাপক হারে কুকুরের ভ্যাকসিন কার্যক্রম পরিচালিত হবে।